

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৩২১

আগরতলা, ২৯ জুন, ২০২৬

নারী ও শিশুদের কল্যাণে রাজ্য সরকারের বিভিন্ন
প্রকল্প পরিদর্শনে কেন্দ্রীয় নারী ও শিশু উন্নয়ন মন্ত্রী



কেন্দ্রীয় নারী ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবী রাজ্য সফরে এসে আজ আগরতলায় নারী ও শিশুদের কল্যাণে রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প পরিদর্শন করেন। এরমধ্যে তিনি অভয়নগরস্থিত চাইল্ড কেয়ার ইনস্টিটিউশনের গার্লস ইউনিট ২, সক্ষম অঙ্গনওয়াড়ি কেন্দ্র এবং কর্মরত মহিলাদের জন্য নির্মীয়মান আবাসনের কাজ ঘুরে দেখেন।

পরিদর্শনকালে কেন্দ্রীয় মন্ত্রী চাইল্ড কেয়ার ইনস্টিটিউশনের শিশুদের শিক্ষা সহ বিভিন্ন বিষয়ে খোঁজখবর নেন। এরপর তিনি সক্ষম অঙ্গনওয়াড়ি কেন্দ্রটি ঘুরে দেখেন এবং শিশুদের প্রাক প্রাথমিক শিক্ষা সংক্রান্ত নানা বিষয়ে খোঁজ খবর নেন। পরিদর্শনের সময় কেন্দ্রীয় মন্ত্রী অন্নপূর্ণা দেবীমুখ্যমন্ত্রী বালিকা সমৃদ্ধি যোজনা প্রকল্পের অধীনে রেশমি সাহা নামে একজন সুবিধাভোগীর হাতে ৫০ হাজার টাকার চেক তুলে দেন। এরপর তিনি কর্মরত মহিলাদের জন্য নির্মীয়মান আবাসনের নির্মাণ কাজ পরিদর্শন করেন। এছাড়াও তিনি বৃক্ষ রোপন অনুষ্ঠানে অংশ নেন।

পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে কেন্দ্রীয় মন্ত্রী অন্নপূর্ণা দেবী বলেন, নারী ও শিশু কল্যাণে ত্রিপুরা সরকার প্রশংসনীয় কাজ করছে। ত্রিপুরার এই সফল উদ্যোগগুলির বিষয়ে তিনিকেন্দ্রীয় স্তরে তুলে ধরবেন। কেন্দ্রীয় মন্ত্রীর পরিদর্শনের সময় রাজ্যের সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায়, সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের বিশেষ সচিব টি .কে দাস সহ দপ্তরের অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
